

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৩।

নং- ৫৪১ -বিচার-৩/২এম-৩/২০০৮,

তারিখঃ-২৮/০৮/২০১২খ্রিঃ।


বিষয়ঃ- সারাদেশে কর্মরত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের উদ্দেশ্যে  
মাননীয় প্রধান বিচারপতির অভিভাষণ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিচার বিভাগকে আরো গতিশীল এবং বিদ্যমান সমস্যাবলী চিহ্নিতকরণের লক্ষ্যে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি আগামী ৩১-০৮-২০১২খ্রিঃ তারিখ রোজ-শুক্রবার, সকাল ৯-৩০ ঘটিকা হতে বেলা ১২-৩০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্টের অডিটরিয়ামে সারাদেশে কর্মরত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের সাথে মত বিনিময় এবং তাঁদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক অভিভাষণ প্রদান করবেন।

২। উক্ত অনুষ্ঠানে সারাদেশে কর্মরত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ-কে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

৩। অনুষ্ঠানে আগত কর্মকর্তাগণ আসা-যাওয়ার জন্য বিধি মোতাবেক টি,এ, এবং ডি,এ, প্রাপ্ত হবেন। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ উক্ত সফরে সরকারী গাড়ী ব্যবহারে প্রাধিকার পাবেন। যারা সরকারী গাড়ী ব্যবহার করবেন তারা টি,এ, প্রাপ্ত হবেন না।

৪। জনস্বার্থে এ সম্মেলন অনুষ্ঠানের ব্যবস্থা গৃহীত হয়েছে।

  
(মিজানুর রহমান খান)  
উপ-সচিব (প্রশাসন-১)  
ফোন-৭১৬৭৯১৪।

প্রাপক :

- ১। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ২। জেলা জজ/ মহানগর দায়রা জজ,  
(সংশ্লিষ্ট কর্মকর্তাগণ-কে যথা সময়ে সম্মেলনে উপস্থিত থাকার নির্দেশ প্রদান করার জন্য অনুরোধ করা হল)
- ৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,  
(সংশ্লিষ্ট কর্মকর্তাগণ-কে যথা সময়ে সম্মেলনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল)
- ৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,